# দক্ষিণ গাজায় চলন্ত গাড়িতে ইসরায়েলি হামলা নিহত ২



ছবি: সংগৃহীত

গাজা উপত্যকার খান ইউনিসে একটি চলন্ত গাড়িতে ইসরায়েলি বিমান হামলায় অন্তত দুজন ফিলিস্তিনি নিহত হয়েছেন। বুধবার (২৩ সেপ্টেম্বর) খান ইউনিসের পশ্চিমাঞ্চলের আল-মাওয়াসি এলাকায় এ হামলা হয়।

নাসের মেডিকেল কমপ্লেক্সের চিকিৎসকদের কাছ থেকে পাওয়া তথ্যের ভিত্তিতে ঘটনাস্থল থেকে সংবাদমাধ্যমের প্রতিনিধিরা হতাহতের বিষয়টি নিশ্চিত করেন। তবে হামলায় আহতের সংখ্যা তাৎক্ষণিকভাবে জানা যায়নি।

এদিন গাজা সিটির উত্তর-পূর্বাঞ্চলের আল-নাকাফ এলাকাতেও হামলার খবর পাওয়া গেছে। সেখানে বাস্তুচ্যুত ফিলিস্তিনিদের একটি শরণার্থী শিবিরে ইসরায়েলি ড্রোন হামলায় একজন নিহত ও তিনজন আহত হন।

অন্যদিকে খান ইউনিসের উত্তর অংশে ইসরায়েলি বাহিনীর গুলিতে আরও একজন ফিলিস্তিনি আহত হয়েছেন। বুরেইজ শরণার্থী শিবিরে আবাসিক ভবনগুলো লক্ষ্য করে ইসরায়েলি কোয়াডকপ্টার থেকে গুলি চালানোর ঘটনাও ঘটেছে।

গত অক্টোবর থেকে যুদ্ধবিরতি কার্যকর থাকার কথা থাকলেও গাজায় ইসরায়েলি বাহিনীর হামলা ও গুলিবর্ষণের ঘটনা অব্যাহত রয়েছে।

LENS ASIA